# ব্রি ধান৯২

## পানি সাশ্রয়ী বোরো ধান

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), ফ্যাক্ট শীটঃ বোরো ধানের জাত

### জাত পরিচিতি

ব্রি ধান৯২ এর কৌলিক সারি BR(BE)6158RWBC2-1-2-1-1. আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট, ফিলিপিন্স থেকে ধান এবং গমের মধ্যে সংকরায়নের মাধ্যমে উদ্ভুত কৌলিক সারি IRGC103918 সংগ্রহ করা হয়। সংগৃহিত সারিটির এন্থারকালচার করে প্রাপ্ত গাছের সাথে ব্রি উদ্ভাবিত কৌলিক সারি দুইবার সংকরায়ন করে পেডিগ্রি পদ্ধতিতে নির্বাচনের মাধ্যমে ব্রি ধান৯২ উদ্ভাবন করা হয়। পূর্নাঙ্গ পেডিগ্রিটি হলোঃ Rice/Wheat(RI)/BR319-1-HR2//DH(Mingolo/Suweon290)/Panbira। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের গবেষণা মাঠে হোমোজাইগাস কৌলিক সারি নির্বাচনের পর ৩ বৎসর ফলন পরীক্ষা করা হয়। কৌলিক সারিটি ২০১৫-১৬ বোরো মৌসুমে বাংলাদেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে পরীক্ষা করা হয়। কৌলিক সারিটির জীবনকাল ব্রি ধান২৯ এর চেয়ে ২-৩ দিন কম এবং ফলন বেশী হওয়ায় প্রস্তাবিত জাত হিসেবে নির্বাচন করা হয়। জাতীয় বীজ বোর্ডের মাঠ মুল্যায়ন দল কর্তৃক বোরো ২০১৭-১৮ মৌসুমে ব্রি ধান২৯ (চেক জাত) এর সাথে কৃষকের মাঠে প্রস্তাবিত জাতের ফলন পরীক্ষা সম্পন্ন করা হয়। ফলন পরীক্ষা সন্তোষজনক হওয়ায় কৃষকের মধ্যে বোরো মৌসুমে চাষাবাদের জন্য ব্রি ধান২৯ এর একটি পরিপূরক জাত হিসাবে জাতীয় বীজ বোর্ড কতৃক ২০১৯ সালে জাতটি ছাড়করণ করা হয়।

### জাতের বৈশিষ্ট্য

- পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১০৭ সেমি।
- গাছের কান্ড শক্ত বিধায় ঢলে পড়ে না।
- দানা লম্বা ও চিকন।
- পাতা হালকা সবুজ। ডিগপাতা খাড়া এবং ব্রি ধান২৯ এর চেয়ে প্রশস্ত।
- পাকার সময় কান্ড ও পাতা সবুজ থাকে।
- ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায়২৩.৪ গ্রাম।
- এ ধানের অ্যামাইলোজের পরিমাণ ২৬%।



ব্রি ধান৯২

### এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

ব্রি ধান৯২ তুলনামুলক কম পানিতে ব্রি ধান২৯ এর সমান ফলন দিতে সক্ষম। তাই খরাপ্রবণ এলাকায় চাষাবাদের জন্য বিশেষভাবে উপযোগী।

### জীবনকাল

এ জাতের জীবনকাল ১৫৬-১৬০ দিন।

### ফলন

গড় ফলন ৮.৪ টন/হেক্টর। উপযুক্ত পরিচর্যা পেলে ৯.৩ টন/হেক্টর পর্যন্ত ফলন দিতে সক্ষম।

### চাষাবাদ পদ্ধতি

এ জাতটি বোরো মৌসুমে সেচ নির্ভর চাষাবাদ উপযোগী। এ ধানের চাষাবাদ অন্যান্য উফশী বোরো ধানের মতই।

১. **বীজ তলায় বীজ বপনঃ** বীজ বপনের উপযুক্ত সময় হলো ১ নভেম্বর থেকে ১৫ নভেম্বর পর্যন্ত অর্থাৎ ১৬ কার্তিক থেকে ৩০কার্তিক।

২. **চারার বয়সঃ** ৪০-৪৫ দিন।

৩. **চারা রোপণঃ** ১৫ই ডিসেম্বর থেকে ১৩ই জানুয়ারী (১ পৌষ -৩০পৌষ)।

৪. **রোপণ দুরত্বঃ** ২০ সেমি × ২০ সেমি ব্যবধানে রোপন করতে হবে।

৫. **চারার সংখ্যাঃ** প্রতি গোছায় ২-৩টি করে।

৬. **সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ**

| ইউরিয়া | টিএসপি | এমপি | জিপসাম | দস্তা (জিংক সালফেট) |
|---|---|---|---|---|
| ৩৫-৪০ | ১২-১৪ | ১৫-২০ | ১২-১৫ | ১-১.৬ |

৬.১ সর্বশেষ জমি চাষের সময় সবটুকু টিএসপি, জিপসাম, জিংক সালফেট, দুই তৃতীয়াংশ এমওপি প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার সমান তিন কিস্তিতে যথা রোপনের ১৫-২০ দিন পর ১ম কিস্তি, ২৮-৩০দিন পর ২য় কিস্তি এবং ৪৫-৫০দিন পর ৩য় কিস্তি প্রয়োগ করতে হবে। বাকী এক তৃতীয়াংশ এমওপি দ্বিতীয় কিস্তি ইউরিয়ার সাথে প্রয়োগ করতে হবে।

৭. **আগাছা দমনঃ** রোপনের পর অন্তত ৪০-৪৫ দিন পর্যন্ত জমি আগাছা মুক্ত রাখতে হবে।

৮. **সেচ ব্যবস্থাপনাঃ** থোড় অবস্থা থেকে দুধ অবস্থা পর্যন্ত জমিতে পর্যাপ্ত রসের ব্যবস্থা রাখতে হবে।

৯. **রোগ বালাই ও পোকামাকড় দমনঃ** ব্রি ধান৯২ এ রোগ বালাই ও পোকামাকড়ের আক্রমণ প্রচলিত জাতের চেয়ে অনেক কম হয়। তবে রোগবালাই ও পোকা মাকড়ের আক্রমণ দেখা দিলে বা আক্রান্ত বেশী হলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করতে হবে।

১০. **ফসল পাকা ও কাটাঃ** ১৮এপ্রিল- ৩০ মে (৫ বৈশাখ -২০ বৈশাখ) ধানকাটার উপযুক্ত সময়।

**আরো তথ্যের জন্য ঃ**
পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd